

বরিশাল জিলা স্কুলের ১৭৫ বছর পূর্তির বর্ণাঢ্য উৎসব শুরু

বরিশাল প্রতিনিধি : কড়া নিরাপত্তার মধ্য দিয়ে গতকাল ওক্রেবার শুরু হয়েছে বরিশাল জিলা স্কুলের ১৭৫ বছর পূর্তির দুদিনব্যাপী বর্ণাঢ্য উৎসব। উদ্বোধনী অনুষ্ঠানের পরপরই জিলা স্কুলের সাবেক ছাত্রদের একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালির আয়োজে দুটি সুসজ্জিত হাতি ছিল।

অনুষ্ঠানের উদ্বোধন করেন সাবেক রাষ্ট্রপতি বরিশাল জিলা স্কুলের সাবেক ছাত্র আবদুর রহমান বিশ্বাস। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কুলের সাবেক ছাত্র পানিসম্পদমন্ত্রী মেজর (অব.) হাফিজউদ্দিন আহমেদ বীরবিক্রম।

উদ্বোধনী অনুষ্ঠানে সাবেক ছাত্রদের পক্ষে বক্তব্য রাখেন সাংসদ জহিরউদ্দিন বৃন্দাবন। উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথির অনুমতিক্রমে পানিসম্পদমন্ত্রী মেজর (অব.) হাফিজউদ্দিন আহমেদ বীরবিক্রম বেগুন-উড়িয়ে উদ্বোধনী ঘোষণা দেন। এ সময় জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়।

পবিত্র কুরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। কুরআন তেলাওয়াত করেন বরিশাল জিলা স্কুলের শিক্ষক আঃ জাকার। অনুষ্ঠান শুরুতে জিলা স্কুলের সাবেক ছাত্র ফারা মারা পোছেন এবং সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে বোমা হামলায় নিহত হয়েছেন তাদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয় শ্রদ্ধা নিবেদনের জন্য। পরে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

পরে এই স্কুলেরই সাবেক ছাত্র ও বিশিষ্ট কলাম লেখক ব্রিগেডিয়ার (অব.) সৈয়দ সাখাওয়াত হোসেন, বারডেম মহাপরিচালক ব্রিগেডিয়ার (অব.) সরদার আমীর আলী, জহিরউদ্দিন বৃন্দাবন এমপিএসই সাবেক ছাত্ররা স্মৃতিচারণ করেন। অঙ্গিসম্মেলে উড়িয়ে ধরেন একে অপরকে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি সাবেক রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস

বলেন, বরিশাল জিলা স্কুল দেশের একটি ঐতিহ্যবাহী প্রাচীন বিদ্যালয়। সময়ের পরিক্রমে দীর্ঘকাল ধরে এমাকার শিক্ষা বিত্তারে বিদ্যালয়টি যে অবদান রেখেছে তা নিঃসন্দেহে প্রশংসনীয়। তিনি আরে বলেন, শের-ই-বাংলা এ কে ফজলুল হক খান বাহাদুর হাসেম আলী খান, বিচারপতি আঃ জাকার খান, সাবেক এমপি ডা. আজহারউদ্দিন ছিলেন এই প্রতিষ্ঠানের ছাত্র। এ প্রতিষ্ঠান থেকে অনেকেই পাস করে দেশ ও দেশের বাইরে বিভিন্ন স্থানে অধিষ্ঠিত আছেন। এর ঐতিহ্য আমাদের ধরে রাখতে হবে।

জুমার নামাজ ও দুপুরের খাবারের পর অনুষ্ঠানের দ্বিতীয় অধিবেশন শুরু হয়। এতে সাবেক ছাত্রদের মাঝে জেস্ট ও স্বর্ণপদক বিতরণ করা হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র এডভোকেট মজিবুর রহমান সরোয়ার এমপি। দুদিনব্যাপী এ উৎসবে বর্তমান রেজিস্ট্রেশনকৃত সাবেক ছাত্র ও তাদের স্ত্রীসহ দেশ-বিদেশ থেকে আমন্ত্রিত ৫ সহস্রাধিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের জন্য বরিশাল জিলা স্কুলের মাঠে বিশাল প্যাভেলন নির্মাণ করা হয়। আলোকমালায় সজ্জিত করা হয় স্কুল ভবনসহ গোটা ক্যাম্পাস। গোটে নির্মিত হয় ভোরণ।

অনুষ্ঠান দুটুভারে সম্পন্ন করার জন্য ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। পুলিশের পাশাপাশি রায় ও বিভিন্ন গোয়েন্দা সংস্থার সদস্যরা দায়িত্ব পালন করেন। নিরাপত্তার কারণে ও দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনা করে গতকাল বিকালের তৃতীয় অধিবেশন সাংস্কৃতিক অনুষ্ঠান স্থগিত করা হয়। কঠোর গোপনীয়তা রক্ষার জন্য আজ শেষ দিনের কোনো অনুষ্ঠানমালো আয়োজন করা জানাননি। বরিশাল জিলা স্কুলের ১৭৫ বছরপূর্তি উৎসব উদযাপন কমিটি একটি শ্মারক গ্রন্থও প্রকাশ করেছে।